



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৪৩/ঢাকা/উ:/৬৫৩৫

তারিখ: ২৮/১০/২৪

বিষয়: বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো: হাবিবুর রহমান তালুকদার-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র: (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০১/০২/২০২৪ তারিখের আবেদন।
(২) বোর্ডের ২০/০৮/২০২৪ তারিখের তদন্ত প্রতিবেদন।
(৩) বোর্ডের ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
(৪) ১৮/০৯/২০২৪ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ১৭/১০/২০২৪ তারিখের ২৩২ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো: হাবিবুর রহমান তালুকদার-এর চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- “বিদ্যালয়ের সহকারী শিক্ষক (গণিত) মো: হাবিবুর রহমান তালুকদার বিগত ০২/০৫/১৯৯৩ খ্রি. এ যোগদান করে যথানিয়মে এমপিওভুক্ত হয়ে কর্মরত ছিলেন। কিন্তু গত ০৭/০১/২০১০ খ্রি. থেকে অনুমতিবিহীন, অবৈধ উপায়ে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। দীর্ঘ প্রায় ১৪ বছর যাবৎ তাঁর অবৈধ অনুপস্থিতির কারণে বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে। এক্ষেত্রে এমপিও শীট থেকে তাঁর নাম কর্তন অত্যাৱশ্যক।”

এমতাবস্থায়, বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ১৮/০৯/২০২৪ তারিখের সভায় তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরি হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ১৭/১০/২০২৪ তারিখে অনুষ্ঠিত ২৩২ তম বোর্ড সভায় বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো: হাবিবুর রহমান তালুকদার-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক: সভাপতি, ম্যানেজিং কমিটি

কাঁচকুড়া উচ্চ বিদ্যালয়

কাঁচকুড়া, উত্তরখান

ঢাকা।

মেমো নং-৬৫৩৫ (৯০)

তারিখ: ২৮/১০/২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৭। প্রধান শিক্ষক, কাঁচকুড়া উচ্চ বিদ্যালয়, কাঁচকুড়া, উত্তরখান, ঢাকা।
- ৮। জনাব মো: হাবিবুর রহমান তালুকদার, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), কাঁচকুড়া উচ্চ বিদ্যালয়, কাঁচকুড়া, উত্তরখান, ঢাকা।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

(Signature)

সচিব ২৮/১০/২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

(Signature)
২৭/১০/২৪